

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৫৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২, দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ انْصَرَفَ مِنْ صَلَاةٍ جَهَرَ فِيهَا بِالْقِرَاءَةِ فَقَالَ: «هَلْ قَرَأَ مَعِي أَحَدُ مِنْكُمْ آنِفًا؟» فَقَالَ رَجُلُ: نَعَمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ: إِنِي الْقِرَاءَةِ فَقَالَ: رَجُلُ: نَعَمْ يَا رَسُولَ اللَّهِ قَالَ: إِنِي أَقُولُ: مَا لِي أُنَازَعُ الْقُرْآنَ؟ «. قَالَ فَانْتَهَى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا جَهَرَ فِيهِ بِالْقِرَاءَةِ مِنَ الصَّلُواتِ حِينَ سَمِعُوا ذَلِكَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّه صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيمَا جَهَرَ فِيهِ بِالْقِرَاءَةِ مِنَ الصَّلُواتِ حِينَ سَمِعُوا ذَلِكَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ» . رَوَاهُ مَالِكٌ وَأَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَالتِرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَرَوَى ابْنُ مَاجَهُ نَحْوَهُ

বাংলা

৮৫৫-[৩৪] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জেহরী সালাত (সালাত/নামায/নামাজ) অর্থাৎ- শব্দ করে কিরাআত (কিরআত) পড়া সালাত (সালাত/নামায/নামাজ) শেষ করে সালাত আদায়কারীদের দিকে ফিরে বললেন, তোমাদের কেউ কি এখন আমার সাথে কিরাআত (কিরআত) তিলাওয়াত করেছাে? এক ব্যক্তি বলল, হ্যাঁ, হে আল্লাহর রসূল। (আমি পড়েছি)। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাই তাে, আমি সালাতে মনে মনে বলছিলাম, কি হলাে, আমি কিরাআত (কিরআত) পাঠ করতে আটকিয়ে যাচ্ছি কেন? আবৃ হুরায়রাহ্ (রাঃ) বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ কথা শুনার পর লােকেরা রসূলের পেছনে জেহরী সালাতে কিরাআত (কিরআত) পাঠ বন্ধ করে দিয়েছিল। (মালিক, আহমাদ, আবৃ দাউদ, তিরমিয়ী, নাসায়ী ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৮২৬, তিরমিয়া ৩১২, নাসায়ী ৯১৯, মালিক ২৮৬, আহমাদ ৮০০৭, ইবনু মাজাহ ৮৪৮। হাদীসটি আবৃ হাতিম আর্ রয়ী, ইবনু হিব্বান এবং ইবনুল কইয়িয়ম আল্ জাওয়া (রহঃ) সহীহ বলেছেন। কেউ কেউ দাবী করেছেন যে, فَانْتَهَى النَّاسُ... إلى أَخْره অংশটুকু সাহাবী আবৃ হুরায়রাহ্ (রাঃ)-এর উক্তি যা হাদীসে প্রবেশ করানো হয়েছে। তবে এ দাবীর স্বপক্ষে কোন শক্তিশালী দলীল নেই। এমনকি ইবনুল কইয়িয়ম (রহঃ) এ



কথাটি প্রত্যাখ্যান করেছেন। আর বায়হাক্বীতে শাহিদ বর্ণনাও রয়েছে যা ইমাম সুয়ৃত্বী (রহঃ)-ও বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الله الله عَنْ الْقَرَاءَةِ مَعَ رَسُوْلِ اللهِ عَنْ الْقَرَاءَةِ مَعَ رَسُوْلِ اللهِ ﴿ اللهِ عَنْ الْقَرَاءَةِ مَعَ رَسُوْلِ اللهِ ﴿ اللهِ عَنْ الْقَرَاءَةِ مَعَ رَسُوْلِ اللهِ ﴿ اللهِ عَلَى النَّاسُ عَنْ الْقَرَاءَةِ مَعَ رَسُوْلِ اللهِ ﴿ وَهِ مَا مَا مَا اللهِ عَلَى اللّهُ عَلْمُ اللّهُ عَلَى اللّهُ

জেনে রাখা ভালো যে, হাদীসে বর্ণিত النَّاسُ শেষ পর্যন্ত এ অংশটুকু আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর বক্তব্য নয়। বরং তা যুহরী (রহঃ)-এর বক্তব্য যা হাদীসের মধ্যে প্রবেশ করানো হয়েছে। ইমাম আবূ দাউদ তাঁর সুনানে তা বর্ণনা করেছেন। তাতে আছে যে, ইমাম আওযা'ঈ যুহরী থেকে বর্ণনা করেছেন, যুহরী বলেনঃ মুসলিমগণ এ থেকে উপদেশ গ্রহণ করে ফলে তারা জেহরী সালাতে তার সাথে কিছু পাঠ করতো না। কিভাবেই বা তা আবূ হুরাইরাহ্'র বক্তব্য হতে পারে যেখানে তিনি স্বয়ং ফাতাওয়া দিতেন যে, ইমাম স্বরবে বা নীরবে যেভাবেই কিরাআত (কিরআত) পাঠ করুক মুক্তাদীগণ নীরবে সূরাহ্ আল ফাতিহাহ্ পাঠ করবে এবং তিনি তা পাঠ করার আদেশ দিতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন